RG - HIST. (B & E)

Question Paper No. N1109945

# 2024

# HISTORY

**Time—3 Hours 15 Minutes**

*(First 15 minutes for reading the question paper only)*

**Full Marks — 90** For Regular Candidates

**Full Marks — 100** For External Candidates

*Special credit will be given for answers which are brief and to the point.*

*Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

[**'ক'** বিভাগ থেকে **'ঙ'** বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন **নিয়মিত** ও **বহিরাগত** সব পরীক্ষার্থীদের জন্য।

**'চ'** বিভাগে প্রদত্ত প্রশ্ন **শুধুমাত্র বহিরাগত** পরীক্ষার্থীদের জন্য।]

(**'ক'** বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক। অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

**'খ'** বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীরা বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে।

অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে।)

## বিভাগ — ক

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ ১×২০=২০

১.১ উপেন্দ্রনাথ ব্রহ্মচারী যুক্ত ছিলেন —

(ক) শহরের ইতিহাসে (খ) স্থানীয় ইতিহাসে

(গ) শিল্পচর্চার ইতিহাসে (ঘ) বিজ্ঞান-প্রযুক্তি ও চিকিৎসা বিদ্যার ইতিহাসে

১.২ 'নদীয়া কাহিনী' - গ্রন্থটি রচনা করেন —

(ক) নিখিলনাথ রায় (খ) কুমুদরঞ্জন মল্লিক

(গ) সতীশচন্দ্র মিত্র (ঘ) কুমুদনাথ মল্লিক

১.৩ 'কাউন্সিল অফ এডুকেশন' গঠিত হয় —

(ক) ১৮১৩ খ্রিঃ (খ) ১৮২৩ খ্রিঃ

(গ) ১৮৩৫ খ্রিঃ (ঘ) ১৮৪২ খ্রিঃ

১.৪ গৌরমোহন বিদ্যালঙ্কার রচিত 'স্ত্রীশিক্ষা বিধায়ক' পুস্তিকাটি প্রকাশিত হয় —

(ক) ১৮১৭ খ্রিঃ (খ) ১৮২২ খ্রিঃ

(গ) ১৮২৩ খ্রিঃ (ঘ) ১৮৩৫ খ্রিঃ

১.৫ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য ছিলেন —

(ক) স্যার রমেশচন্দ্র মিত্র (খ) স্যার আশুতোষ মুখোপাধ্যায়

(গ) স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায় (ঘ) স্যার জেমস উইলিয়াম কোলভিল

১.৬ ঔপনিবেশিক অরণ্য আইনের (১৮৭৮ খ্রিঃ) বিরুদ্ধে সংঘটিত আদিবাসী বিদ্রোহটি হল —

(ক) সাঁওতাল হুল (খ) মুণ্ডা বিদ্রোহ

(গ) কোল বিদ্রোহ (ঘ) রম্পা বিদ্রোহ

১.৭ নীলবিদ্রোহের দু'জন উল্লেখযোগ্য নেতা দিগম্বর বিশ্বাস ও বিষ্ণুচরণ বিশ্বাস চৌগাছা গ্রামে বাস করতেন, এটি ছিল —

(ক) পাবনা জেলায় (খ) খুলনা জেলায়

(গ) নদিয়া জেলায় (ঘ) ফরিদপুর জেলায়

১.৮ ব্রিটিশ পার্লামেন্ট 'উন্নততর ভারতশাসন আইন' পাশ করেছিল —

(ক) ১৫ জুলাই, ১৮৫৮ খ্রিঃ (খ) ২ আগস্ট, ১৮৫৮ খ্রিঃ

(গ) ১০ অক্টোবর, ১৮৫৮ খ্রিঃ (ঘ) ৫ ডিসেম্বর, ১৮৫৮ খ্রিঃ

১.৯ ভারতের প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান হল —

(ক) ভারত সভা (খ) বঙ্গভাষা প্রকাশিকা সভা

(গ) ল্যান্ড হোল্ডার্স সোসাইটি (ঘ) ভারতের জাতীয় কংগ্রেস

১.১০ নবগোপাল মিত্র ছিলেন হিন্দুমেলার —

(ক) সভাপতি (খ) সহ-সভাপতি

(গ) সম্পাদক (ঘ) সহ-সম্পাদক

১.১১ বসুবিজ্ঞান মন্দিরের প্রতিষ্ঠাতা জগদীশচন্দ্র বসু, অধ্যাপক ছিলেন —

(ক) গণিত শাস্ত্রের (খ) রসায়ন শাস্ত্রের

(গ) পদার্থ বিদ্যার (ঘ) জীববিদ্যার

ত হয় —

মুখোপাধ্যায়

লিয়াম কোলভিল

াসী বিদ্রোহটি হল —

বিশ্বাস চৌগাছা গ্রামে বাস

য়

৫৮ খ্রিঃ

৮৫৮ খ্রিঃ

শিকা সভা

য় কংগ্রেস

(Contd.)

১.১২ বাংলা ভাষায় প্রথম সচিত্র পুস্তক প্রকাশ করেন —

(ক) উইলিয়ম কেরি (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(গ) গঙ্গাকিশোর ভট্টাচার্য (ঘ) উপেন্দ্র কিশোর রায়চৌধুরী

১.১৩ সর্বভারতীয় কিষাণ সভার প্রথম সভাপতি ছিলেন —

(ক) বাবা রামচন্দ্র (খ) এন. জি. রঙ্গ

(গ) স্বামী সহজানন্দ (ঘ) ফজলুল হক

১.১৪ কৃষক আন্দোলনে মতিলাল তেজওয়াত নেতৃত্ব দিয়েছিলেন —

(ক) বিহারে (খ) গুজরাটে

(গ) রাজস্থানে (ঘ) যুক্তপ্রদেশে

১.১৫ গিরনি কামগড় ইউনিয়ন প্রতিষ্ঠিত হয়েছিল —

(ক) ১৯১৮ খ্রিঃ (খ) ১৯২২ খ্রিঃ

(গ) ১৯২৮ খ্রিঃ (ঘ) ১৯৩২ খ্রিঃ

১.১৬ ভারতছাড়ো আন্দোলনে (১৯৪২) ভোগেশ্বরী ফুকোননী শহীদ হয়েছিলেন —

(ক) গুজরাটে (খ) পাঞ্জাবে

(গ) আসামে (ঘ) উড়িষ্যায়

১.১৭ অ্যান্টি সার্কুলার সোসাইটির সম্পাদক ছিলেন —

(ক) শচীন্দ্র প্রসাদ বসু (খ) কৃষ্ণকুমার মিত্র

(গ) চিত্তরঞ্জন দাস (ঘ) আনন্দমোহন বসু

১.১৮ বীণা দাস বাংলার ছোটোলাট স্ট্যান্লী জ্যাকসনকে হত্যা করার চেষ্টা করেন —

(ক) ১৯২৮ খ্রিঃ (খ) ১৯৩০ খ্রিঃ

(গ) ১৯৩২ খ্রিঃ (ঘ) ১৯৩৬ খ্রিঃ

১.১৯ স্বাধীন ভারতের প্রথম গান্ধীবাদী শহীদ ছিলেন —

(ক) হৃদয়নাথ কুঞ্জরু (খ) বল্লভ ভাই প্যাটেল

(গ) পত্তি শ্রীরামালু (ঘ) পট্টভি সীতারামাইয়া

১.২০ গোয়া ভারতভুক্ত হয় —

(ক) ১৯৪৭ খ্রিঃ (খ) ১৯৫৬ খ্রিঃ

(গ) ১৯৬১ খ্রিঃ (ঘ) ১৯৭১ খ্রিঃ

## বিভাগ - খ

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত: **১টি** করে মোট **১৬টি** প্রশ্নের উত্তর দাও) : ১×১৬=১৬

### উপবিভাগ : ২.১

**একটি** বাক্যে উত্তর দাও : ১×৪=৪

২.১.১ কোন দিনটি আন্তর্জাতিক পরিবেশ দিবস রূপে উদ্‌যাপন করা হয়?

২.১.২ সরকারী নথিপত্র কোথায় সংরক্ষিত হয় ?

২.১.৩ কোন বছর নারী সত্যাগ্রহ সমিতি প্রতিষ্ঠিত হয় ?

২.১.৪ বিশ্বভারতী কে প্রতিষ্ঠা করেন ?

### উপবিভাগ : ২.২

**ঠিক বা ভুল নির্ণয় করো :** ১×৪=৪

২.২.১ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন সীমাবদ্ধ ছিল কৃষকশ্রেণির মধ্যে।

২.২.২ নীলবিদ্রোহের অন্যতম নেতা ছিলেন বিশ্বনাথ সর্দার।

২.২.৩ ফরাজি আন্দোলনের প্রতিষ্ঠাতা ছিলেন দুদুমিঞা।

২.২.৪ 'দি বেঙ্গলী' পত্রিকার সম্পাদক ছিলেন সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

### উপবিভাগ : ২.৩

**'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :** ১×৪=৪

| ক স্তম্ভ | খ স্তম্ভ |
|---|---|
| ২.৩.১ লর্ড রিপন | (১) বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটিউট |
| ২.৩.২ নেলী সেনগুপ্ত | (২) সাধারণ জনশিক্ষা কমিটি |
| ২.৩.৩ লর্ড আমহার্স্ট | (৩) হাণ্টার কমিশন |
| ২.৩.৪ তারকনাথ পালিত | (৪) স্টিমলঞ্চ শ্রমিক ধর্মঘট |

### উপবিভাগ ঃ ২.৪

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত ও নামাঙ্কিত করো ঃ ১×৪=৪

২.৪.১ চুয়াড় বিদ্রোহের (১৭৯৮-১৭৯৯) এলাকা।

২.৪.২ মহাবিদ্রোহের (১৮৫৭) একটি কেন্দ্র — কানপুর।

২.৪.৩ মহাবিদ্রোহের (১৮৫৭) একটি কেন্দ্র — দিল্লী।

২.৪.৪ পুনর্গঠিত রাজ্য — কেরল।

**অথবা**

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

শূন্যস্থান পূরণ করো ঃ ১×৪=৪

২.৪.১ ভারতের প্রথম ভাইসরয় ছিলেন ________ ।

২.৪.২ কলকাতা মেডিকেল কলেজ প্রতিষ্ঠিত হয় ________ খ্রিস্টাব্দে।

২.৪.৩ 'গোরা' উপন্যাসটি রচনা করেন ________ ।

২.৪.৪ হরিসিং ছিলেন কাশ্মীরের ________ ।

### উপবিভাগ ঃ ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যা নির্বাচন করো ঃ ১×৪=৪

২.৫.১ বিবৃতি ঃ হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল ১৮১৭ খ্রিস্টাব্দে।

ব্যাখ্যা ১ ঃ এটি প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল হিন্দুশাস্ত্রে শিক্ষাদান করা।

ব্যাখ্যা ২ ঃ এটি ছিল হিন্দু ছাত্র-ছাত্রীদের জন্য একটি সহ-শিক্ষামূলক প্রতিষ্ঠান।

ব্যাখ্যা ৩ ঃ এটি প্রতিষ্ঠিত হয়েছিল সম্ভ্রান্ত হিন্দু পরিবারের ছাত্রদের আধুনিক পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত করার জন্য।

২.৫.২ বিবৃতি ঃ বারদৌলি সত্যাগ্রহ আন্দোলন অনুষ্ঠিত হয়েছিল ১৯২৮ খ্রিস্টাব্দে।

ব্যাখ্যা ১ ঃ এটি ছিল কারখানার মালিকশ্রেণির শোষণের বিরুদ্ধে শ্রমিকশ্রেণির একটি আন্দোলন।

ব্যাখ্যা ২ ঃ এটি ছিল মূলতঃ সরকারি রাজস্ববৃদ্ধির বিরুদ্ধে ধনী কৃষকশ্রেণি ও কৃষিশ্রমিকদের যৌথ আন্দোলন।

ব্যাখ্যা ৩ ঃ এটি ছিল ঋণ-দাস কৃষিশ্রমিকদের ধনী কৃষকশ্রেণির শোষণ-অত্যাচারের বিরুদ্ধে আন্দোলন।

২.৫.৩ বিবৃতি : দেশপ্রাণ বীরেন্দ্রনাথ শাসমল ছিলেন বাংলার একজন জনপ্রিয় নেতা।

ব্যাখ্যা ১ : তিনি অসহযোগ আন্দোলনের সময়ে মেদিনীপুরে কৃষক আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন।

ব্যাখ্যা ২ : তিনি বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের সময়ে শ্রমিক আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন।

ব্যাখ্যা ৩ : তিনি ছিলেন বাংলায় ভারতছাড়ো আন্দোলনের একজন গুরুত্বপূর্ণ নেতা।

২.৫.৪ বিবৃতি : ১৯৪৬ খ্রিস্টাব্দের ১২ই ফেব্রুয়ারি দিনটি রসিদ আলি দিবস রূপে পালিত হয়।

ব্যাখ্যা ১ : রসিদ আলি ছিলেন 'ভারত ছাড়ো' আন্দোলনের জনৈক শহীদ।

ব্যাখ্যা ২ : রসিদ আলি ছিলেন একজন জনপ্রিয় ছাত্রনেতা।

ব্যাখ্যা ৩ : রসিদ আলি ছিলেন আজাদ হিন্দ বাহিনীর একজন ক্যাপ্টেন।

## বিভাগ — গ

৩। দু'টি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **১১টি**) : ২×১১=২২

৩.১ পরিবেশের ইতিহাস বলতে কী বোঝায় ?

৩.২ আধুনিক ভারত ইতিহাসের উপাদানরূপে আত্মজীবনীর গুরুত্ব কী ?

৩.৩ আধুনিক ভারতে পাশ্চাত্য শিক্ষা-বিস্তারের ক্ষেত্রে ১৮১৩ খ্রিস্টাব্দ গুরুত্বপূর্ণ কেন ?

৩.৪ ভারতে আধুনিক পাশ্চাত্য চিকিৎসা বিদ্যার ক্ষেত্রে ১৮৩৬ খ্রিস্টাব্দ স্মরণীয় কেন ?

৩.৫ 'পাইক' কাদের বলা হত ?

৩.৬ 'হেদায়তী' নামে কারা পরিচিত ছিল ?

৩.৭ 'বর্তমান ভারত' গ্রন্থটি কীভাবে জাতীয়তাবাদ উন্মেষে সাহায্য করেছিল ?

৩.৮ গগনেন্দ্রনাথ ঠাকুর স্মরণীয় কেন ?

৩.৯ 'বিদ্যাসাগর সাট' বলতে কী বোঝায় ?

৩.১০ বাংলা ছাপাখানার ইতিহাসে বটতলা প্রকাশনার গুরুত্ব কী ?

৩.১১ কৃষক আন্দোলনে বাবা রামচন্দ্রের কীরূপ ভূমিকা ছিল ?

৩.১২ সর্বভারতীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেস কী উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয় ?

৩.১৩ জাতীয় আন্দোলনে সরলাদেবী চৌধুরাণীর কীরূপ ভূমিকা ছিল ?

৩.১৪ সশস্ত্র বিপ্লবী আন্দোলনে 'হিন্দুস্তান রিপাবলিকান আর্মি'র কীরূপ ভূমিকা ছিল ?

৩.১৫ সর্দার বল্লভভাই প্যাটেলকে 'ভারতের লৌহমানব' কেন বলা হয় ?

৩.১৬ উদ্বাস্তু সমস্যা বলতে কী বোঝায় ?

## বিভাগ — ঘ

৪। **সাত বা আটটি** বাক্যে যে কোনো ৬টি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ **১টি** করে প্রশ্নের উত্তর দাও) ঃ ৪×৬=২৪

### উপবিভাগ ঃ ঘ.১

৪.১ উনিশ শতকের বাংলায় নারীসমাজের বিকাশে 'বামাবোধিনী পত্রিকা'র ভূমিকা বিশ্লেষণ করো।

৪.২ ধর্মসংস্কার আন্দোলনে স্বামী বিবেকানন্দের চিন্তাধারা বিশ্লেষণ করো।

### উপবিভাগ ঃ ঘ.২

৪.৩ মহাবিদ্রোহ (১৮৫৭)কে কী 'সামন্ততান্ত্রিক বিদ্রোহ' বলা যেতে পারে ?

৪.৪ উনিশ শতকের জাতীয়তাবাদের বিকাশে 'ভারতমাতা' চিত্রটির অবদান কী ছিল ?

### উপবিভাগ ঃ ঘ.৩

৪.৫ একা আন্দোলনের একটি সমালোচনামূলক বিবরণ দাও।

৪.৬ কংগ্রেস সমাজতন্ত্রী দল কেন প্রতিষ্ঠিত হয়েছিল ?

### উপবিভাগ ঃ ঘ.৪

৪.৭ সশস্ত্র বিপ্লবী আন্দোলনে বেঙ্গল ভলান্টিয়ার্স দলের ভূমিকা বিশ্লেষণ করো।

৪.৮ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে ছাত্রসমাজের ভূমিকা বিশ্লেষণ করো।

## বিভাগ — ঙ

৫। **পনেরো** বা **ষোলটি** বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৮×১=৮

৫.১ বিদ্যাসাগরের নেতৃত্বে বিধবা বিবাহ আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও। বিদ্যাসাগর কতটা সাফল্য অর্জন করেছিলেন ? ৫+৩

৫.২ 'সভা-সমিতির যুগ' বলতে কী বোঝায় ? উনিশ শতকের বাংলায় রাজনৈতিক চেতনার বিকাশে হিন্দুমেলার কীরূপ অবদান ছিল ? ৩+৫

৫.৩ বাংলায় নমঃশূদ্র আন্দোলনের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও। ৮

[ কেবলমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য ]

## বিভাগ — চ

১×৪=৪

৬। ৬.১ একটি সম্পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো চারটি) ঃ

৬.১.১ 'গ্রামবার্তা প্রকাশিকা'র সম্পাদক কে ছিলেন ?

৬.১.২ কোন বৎসর সাধারণ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠিত হয় ?

৬.১.৩ 'হুল' শব্দের অর্থ কী ?

৬.১.৪ 'বসুবিজ্ঞান মন্দির' কে প্রতিষ্ঠা করেন ?

৬.১.৫ কত খ্রিস্টাব্দে শান্তিনিকেতন প্রতিষ্ঠিত হয় ?

৬.১.৬ দীপালি সংঘ কে প্রতিষ্ঠা করেন ?

৬.২ দু'টি অথবা তিনটি বাক্যে নীচের নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) ঃ ২×৩=৬

৬.২.১ 'মেকলে মিনিট' কী ?

৬.২.২ তিতুমির স্মরণীয় কেন ?

৬.২.৩ মোপলা বিদ্রোহ কেন হয়েছিল ?

৬.২.৪ 'ভারত সভা' প্রতিষ্ঠার যে কোনো দুটি উদ্দেশ্য লেখো।

৬.২.৫ কী উদ্দেশ্যে 'শ্রীনিকেতন' গড়ে ওঠে ?